প্রথম আলো

তারিখ 10 SEP 2016
পৃষ্ঠা 4 কলাম 2

# প্রাথমিকে প্যানেলভুক্তদের আরেক দফায় নিয়োগ হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয়করণ হওয়া বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য থেকে আরেক দফায় শিক্ষক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। গত বৃহস্পতিবার অধিদপ্তর এ বিষয়ে আদেশ জারি করেছে।

২৯ সেপ্টেম্বরের মধ্যে শিক্ষকদের নিয়োগ ও পদায়ন করতে ৬১ জন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে চিঠি দিয়েছে অধিদপ্তর। আদেশে আরও বলা হয়, জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রমও অব্যাহত থাকবে।

এ দফায় পুরোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে যে পরিমাণ বেশি শিক্ষক জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন, শুধু সেই পরিমাণ পদে প্যানেল থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করা হবে। উদাহরণ হিসেবে বলা যায়, কোনো উপজেলায় পুরোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন পাঁচজন এবং

> এ দফায় পুরোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে যে পরিমাণ বেশি শিক্ষক জাতীয়করণ হওয়া বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন, শুধু সেই পরিমাণ পদে প্যানেল থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ করা হবে

জাতীয়করণ হওয়া বিদ্যালয় থেকে পুরোনো সরকারি বিদ্যালয়ে বদলি হয়ে এসেছেন তিনজন। সে ক্ষেত্রে ওই উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুটি পদে প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ দেওয়া যাবে।

উচ্চ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যানেলভুক্ত প্রায় ২৮ হাজার জনকে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়ার ঘোষণা দিয়ে কাজ করছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সে অনুযায়ী ইতিমধ্যে কয়েক হাজার নিয়োগও হয়েছে। কিন্তু শূন্যপদের জটিলতায় প্যানেলভুক্ত সবাই নিয়োগ পাননি। বিশেষ করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আগের নির্দেশনা মেনে জাতীয়করণ হওয়া প্রাথমিক বিদ্যালয়গুলোতে এই নিয়োগ দিতে গিয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা দেখেন, প্যানেলভুক্ত প্রার্থীদের চেয়ে পদ কম।

এ নিয়োগ নিয়ে আন্দোলন করে আসা প্রাথমিক প্যানেল শিক্ষক ঐক্য পরিষদের নেতারা অভিযোগ করে আসছেন, সদ্য জাতীয়করণ হওয়া বিভিন্ন বিদ্যালয়ে পুরোনো সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলি করে অনেক শূন্যপদ পূরণ করা হয়েছে। এ কারণে প্যানেলভুক্ত প্রার্থীদের সুযোগ কমে যায়।

২০১০ সালের ১১ এপ্রিল রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের শূন্যপদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এতে পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ ৪২ হাজার ৬১১ জনকে নিয়োগের জন্য একটি প্যানেল গঠন করা হয়।